

বিত্তিক : ইতিহাসিক

JAN. 03 2001

তারিখ :
সংখ্যা : ৩০৭

লেখাপড়া বিঘ্নিত

দিনাজপুরের ৩৭২টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে
মাত্র তিনজন করিয়া শিক্ষক

দিনাজপুর সংবাদদাতা ॥ দিনাজপুর জেলার ৩৭২টি প্রাথমিক বিদ্যালয়ে মাত্র ৩ জন করিয়া শিক্ষক রহিয়াছেন। ফলে এই সকল স্কুলে শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হইতেছে।

দিনাজপুরে সর্বমোট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৯৬০টি। ইহার মধ্যে ৪৮৮টি বিদ্যালয়ে প্রয়োজন অনুপাতে শিক্ষক রহিয়াছেন। কিন্তু বাকি ৩৭২টি বিদ্যালয়ে শিক্ষক রহিয়াছেন মাত্র ৩ জন করিয়া। এই সকল বিদ্যালয়ের প্রতিটিতে ছাত্র রহিয়াছে ৩০০ হইতে ৫০০ জন। ইহার বিপরীতে মাত্র ৩ জন শিক্ষক থাকায় সুস্থভাবে লেখাপড়া হইতেছে না। সরকারী নিয়ম অনুযায়ী প্রতি ৫০ জন ছাত্র-ছাত্রীর জন্য ১ জন শিক্ষক থাকার কথা। সেই অনুপাতে এইসব স্কুলে ৬ হইতে ১০ জন করিয়া শিক্ষক থাকা দরকার। দিনাজপুরের ৩৭২টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকটের এই বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়া প্রাক্তন সংসদ সদস্য ও আওয়ামী লীগের কেন্দ্রীয় উপদেষ্টা পরিষদের সদস্য এম আব্দুর রহিম, শিক্ষা মন্ত্রী এ এস এইচকে সাদেক এবং প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায়ের নিকট পৃথক দুইটি বার্তা পাঠাইয়াছেন। গত ৭ই ডিসেম্বর প্রেরিত এই বার্তায় ৩৭২টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সংকট দূর করার জন্য তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। একই বার্তায় তিনি অভিযোগ করেন যে, দিনাজপুরে গণশিক্ষা কার্যক্রমে নিরক্ষর মহিলারা উৎসাহী হইলেও নিরক্ষর পুরুষেরা মোটেও আগ্রহী নয়। কিন্তু নিরক্ষর পুরুষেরাও যেন উল্লেখযোগ্য হারে কেন্দ্রে আসে, সেই জন্য বাধ্যতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষামন্ত্রী ও প্রতিমন্ত্রীর নিকট তিনি আহ্বান জানান।